দৈনিক
ইত্তেফাক

20 OCT 2016

# শিক্ষক পদে মনোনীতদের এক মাসের মধ্যে নিয়োগ দিতে নির্দেশ

■ ইত্তেফাক রিপোর্ট

ফল প্রকাশের একমাসের মধ্যে নির্বাচিত প্রার্থীর নিয়োগ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে নোটিস পাঠিয়েছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।

এনটিআরসিএ'র নোটিসে বলা হয়, ৯ অক্টোবর মেধাভিত্তিক শিক্ষক নিয়োগের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ১২ হাজার ৬১৯টি শূন্য পদে প্রার্থী সুপারিশ করা হয়েছে। ফল প্রকাশের একমাসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নির্বাচিত প্রার্থী/প্রার্থীদের নিয়োগপত্র জারি করবেন।

১৭ অক্টোবর দেশের সব জেলা ও উপজেলা শিক্ষা অফিসারদেরও ইমেইলে এ নোটিসটি পাঠানো হয়। নোটিসে বলা হয়, ২ হাজার ৩৯৩ জন প্রার্থী একাধিক পদে প্রাথমিক মেধাক্রমের ভিত্তিতে নিয়োগের জন্য নির্বাচিত হয়েছেন। যারা একাধিক পদে নির্বাচিত হয়েছেন তারা পছন্দ অনুযায়ী একটি পদ নির্বাচিত করবেন। পরবর্তীতে শূন্য পদের জন্য অতিসত্বর স্বয়ংক্রিয়ভাবে মেধাক্রম অনুসারে প্রার্থী নির্বাচন করে প্রতিষ্ঠানগুলোকে জানিয়ে দেওয়া হবে। পৃষ্ঠা ১৯ কলাম ১

## শিক্ষক পদে মনোনীতদের

প্রথম পৃষ্ঠার পর

এনটিআরসি কর্তৃক নির্বাচিত প্রার্থীরা নিয়োগের ক্ষেত্রে কোনোরকম হয়রানির শিকার হলে তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে জানানোর জন্য নোটিসে বলা হয়েছে।

একইভাবে চাহিদা সংশ্লিষ্ট কোনো পদে নিয়োগের বিরুদ্ধে কোনো মামলা/আইনানুগ নিষেধাজ্ঞা থাকলে সে বিষয়ে আইনগত যথাযথ পদক্ষেপ গ্রহণের দায়দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বলেও জানিয়েছে এনটিআরসিএ।

যারা শুধুমাত্র একটি প্রতিষ্ঠানের জন্য নির্বাচিত হয়েছেন তাদেরকে (http//ngi.teletalk.com.bd অথবা www.ntrca.gov.bd) ওয়েবসাইটে লগইন করে recommendation letter ডাউনলোড করতে হবে।